

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৮. ৮৪

তারিখ: ২৫ মাঘ ১৪২৫  
০৭ জানুয়ারি ২০১৯

অভিযোগনামা

যেহেতু, জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান (২৪৫০৩), প্রভাষক (মার্কেটিং), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী গত ০১.০১.২০১৭ তারিখ থেকে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন। এ অননুমোদিত অনুপস্থিত সময়ে তিনি পাসপোর্ট ব্যবহার করে (অফিসিয়াল পাসপোর্ট নয়) একাধিক দেশ ভ্রমণ করেন এবং দেশে ফিরে বেসরকারি মাদ্রাসায় চাকরি করেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(চ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(চ) মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন “চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

স্বাক্ষর  
০৭.০২.১৯  
(মো. সোহরাব হোসাইন)  
সিনিয়র সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান (২৪৫০৩)  
প্রভাষক (মার্কেটিং), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী।

স্থায়ী ঠিকানা:

জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান  
গ্রাম- মালা, ডাকঘর-কাশিয়ানি, উপজেলা- আলফাডাঙ্গা, জেলা- ফরিদপুর।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, গত ০১.০১.২০১৭ তারিখ থেকে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন। এ অননুমোদিত অনুপস্থিত সময়ে তিনি পাসপোর্ট ব্যবহার করে (অফিসসিয়াল পাসপোর্ট নয়) একাধিক দেশ ভ্রমণ করেন এবং দেশে ফিরে বেসরকারি মাদ্রাসায় চাকরি করেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(চ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মুহাম্মদ মুশফিকুর রহমান (২৪৫০৩), প্রভাষক (মার্কেটিং), রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(চ) মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

স্বাক্ষর  
০৭.০২.২০১৭

(মো. সোহরাব হোসাইন)  
সিনিয়র সচিব